

স্থান

কক্সবাজার

তারিখ

১০ অক্টোবর ২০২২

## কক্সবাজার ও ভাসান চরে রোহিঙ্গা শরণার্থী এবং স্থানীয় জনগণের জন্য

## ইউরোপীয় ইউনিয়নের নতুন অনুদানে ইউএনএইচসিআর-এর কৃতজ্ঞতা প্রকাশ

কক্সবাজার - ইউরোপীয় কমিশনের নাগরিক সুরক্ষা ও মানবিক সহায়তা বিভাগের (ইউরোপিয়ান সিভিল প্রোটেকশন এন্ড হিউম্যানিটারিয়ান এইড অপারেশনস, সংক্ষেপে একো) প্রধান কার্যালয়ের মাধ্যমে ইউরোপীয় ইউনিয়নের ৬.২ মিলিয়ন ইউরোর অনুদানকে জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর স্বাগত জানাচ্ছে। এর মাধ্যমে বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগণের জন্য চলমান সুরক্ষা ও সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে। বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগণের জন্য ইউএনএইচসিআর-এর চলমান মানবিক কার্যক্রমের ক্ষেত্রে একো অন্যতম প্রধান দাতা।

বাংলাদেশে ইউএনএইচসিআর-এর প্রতিনিধি ইয়োহানেস ভন ডার ক্লাও বলেন, "একো-র অবদান আমাদেরকে সমন্বিত ও দায়িত্বশীল পদ্ধতিতে মানসম্পন্ন সুরক্ষা ও মানবিক সহায়তা প্রদান করতে সাহায্য করে। কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থী ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগণের জন্য মানবিক কার্যক্রম যখন ষষ্ঠ বছরে পদার্পণ করছে, তখন কক্সবাজারে ও ভাসান চরে রোহিঙ্গা শরণার্থী শিবিরগুলোতে ইউএনএইচসিআর-এর কার্যক্রমে ইউরোপীয় ইউনিয়নের চলমান সহায়তা খুবই গুরুত্বপূর্ণ।"

বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের মানবিক কর্মসূচির দায়িত্বে থাকা আনা অরল্যান্ডিনি বলেন, "বাংলাদেশে প্রায় এক মিলিয়ন রোহিঙ্গা শরণার্থী করুণ পরিস্থিতিতে বসবাস করছে, এবং বিশেষ করে তাদের সুরক্ষার জন্য আমাদের অটল সমর্থনের প্রয়োজন রয়েছে। ইউএনএইচসিআর-কে দেয়া এই অনুদানের মাধ্যমে শরণার্থীদের - বিশেষ করে যারা ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে - তাদের নিরাপত্তা, মর্যাদা ও অবস্থার উন্নতির জন্য পর্যাপ্ত ও অর্থবহ সুরক্ষা নিশ্চিত করা যাবে।"

ইউএনএইচসিআর-এর বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ অংশীদার ও বৃহত্তম দাতা হিসেবে একো-র এই অবদান শরণার্থীদের নিরাপত্তা ও অবস্থা, আইনী সহায়তা পাওয়ার ক্ষেত্রে যে কোন সম্ভাব্য ঝুঁকি পর্যবেক্ষণে, লিঙ্গভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা আরও ফলপ্রসূ করতে, এবং শিশুদের সুরক্ষা ও সহায়তা নিশ্চিত সাহায্য করবে।

মিয়ানমারে সহিংসতা ও নৃশংসতা থেকে পালাতে বাধ্য হওয়ার পাঁচ বছর পর বর্তমানে ৯১০,০০০-এরও বেশি রোহিঙ্গা শরণার্থী কক্সবাজারের ঘনবসতিপূর্ণ শিবিরগুলোতে ও আরও ৩০,০০০ শরণার্থী ভাসান চরে বসবাস করছে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগঃ

রেজিনা ডি লা পোটিলা, কক্সবাজার, ০১৮৪৭৩২৭২৭৯, [delaport@unhcr.org](mailto:delaport@unhcr.org)

মোস্তফা মোহাম্মদ সাজ্জাদ হোসেন, ঢাকা, ০১৩১৩০৪৬৪৫৯, [hossaimo@unhcr.org](mailto:hossaimo@unhcr.org)

UNHCR

Tel. +41 22 739 85 02

[www.unhcr.org](http://www.unhcr.org)

@RefugeesMedia

@Refugees

Global Media Contacts